

স্মারক নং-৩১.৪২.৮৪০০.২২৬.০১.০৩৫.১৯- ২২০৬

তাং: ২৬ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ০৫.০৫.২০১৯ খ্রিঃ তারিখের ৩০৯ নং স্মারকের মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্রের আলোকে রাজ্জামাটি পার্বত্য জেলাধীন বাঘাইছড়ি, কাগুই ও কাউখালী উপজেলা ভূমি অফিসসমূহে নিম্নলিখিত পদে সাকুল্য বেতনে আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে স্বীকৃত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	অন্যান্য
১.	প্রসেস সার্ভার	০৩ (তিন)	১৮	৮ম শ্রেণি	শারীরিকভাবে সুস্থ হতে হবে
২.	অফিস সহায়ক	০৩ (তিন)	১৮	৮ম শ্রেণি	শারীরিকভাবে সুস্থ হতে হবে
৩.	চেইনম্যান	০৬ (ছয়)	১৮	৮ম শ্রেণি	শারীরিকভাবে সুস্থ হতে হবে
৪.	নিরাপত্তা প্রহরী	০৩ (তিন)	১৮	৮ম শ্রেণি	শারীরিকভাবে সুস্থ হতে হবে

শর্তাবলী:

১। আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে।

ক্রমিক	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মাসিক সাকুল্য বেতন	সর্বমোট
--------	----------	------------------	----------	--------------------	---------

২। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির সাথে চুক্তি হবে না বা কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

৩। নিয়োজিত কর্মচারীগণকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

৪। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

৫। ভূমি মন্ত্রণালয়ের ২৩.১০.২০১৮ তারিখের ৩১.০০.০০০০.০৪৩.১৫.০৫১.১৭.৫৬৭ নং স্মারক অনুযায়ী নির্ধারিত সাকুল্য বেতন প্রদান করা হবে।

৬। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ২০১৮-১৯ অর্থ বছরের আয়কর প্রদান ও সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে এবং সরকারি প্রকল্পে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

৭। নিয়োজিত কর্মচারীগণকে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পরেও দায়িত্ব পালন করতে হবে।

৮। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার ব্যয় বহন করতে হবে।

৯। নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল থেকে ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে।

১০। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১(এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১১। নিয়োজিত কর্মচারীগণের শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

১২। নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সাথে ১৫০ (এক শত পঞ্চাশ) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদনের পরই নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে।

পাতা-২

১৩। আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণপূর্বক আগামী ২৮.১১.২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ টার মধ্যে সীলমোহরকৃত খামে প্রতিটি পদের এক মাসের দর উল্লেখ করে সত্যায়িত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ ও অভিজ্ঞতার সনদ ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (রাজস্ব শাখায়) রক্ষিত দরপত্র বাস্তবে দরপত্র/প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হলো। একই তারিখ বেলা ০১:০০ টার সময় দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে।

১৪। যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহে।


(এ কে এম মামুনের রশিদ)

জেলা প্রশাসক

ফোন : ০৩৫১-৬২২১১ (অফিস)

E-mail : dcrangamati@mopa.gov.bd

স্মারক নং-৩১.৪২.৮৪০০.২২৬.০১.০৩৫.১৯-২২০৬

তাং: ২৩ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ


অনুলিপি সদয় জ্ঞাতার্থে।

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ৪। জেলা প্রশাসক (সকল)।
- ৫। সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৬। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
- ৮। মেয়র, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ১০। সহকারী কমিশনার (ভূমি), (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ১১। জেলা তথ্য অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ১২। সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, পুট নং-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা।
- ১৩। সম্পাদক, দৈনিক অবজারভার, আজিজ ভবন(৩য় তলা), ৯১ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
- ১৪। নোটিশ বোর্ড।

বিজ্ঞাপনটি তার পত্রিকার ভিতরের পাতায় ৪.৮ ইঞ্চি×৬.৮ ইঞ্চি আকারে আগামী ২৮.১০.২০১৯ তারিখের মধ্যে কেবল ০১ (এক) দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।


জেলা প্রশাসক

রাঙ্গামাটি পার্বত্য জেলা।

ফোন : ০৩৫১-৬২২১১